

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৭৫

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আত-তূর

بَابُّ: وَمِنْ سُورَةِ الطُّورِ

আরবী

حَدَّتَنَا أَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ، حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْل، عَنْ رِشْدِينَ بْنِ كُرَيْب، عَنْ أَبِيه، عَنِ النَّبِي صلى الله عليه وسلم قَالَ "إِدْبَارُ النُّجُومِ الرَّكْعَتَانِ قَبْلَ الْفَجْرِ ابْنِ عَبَّاس، عَنِ النَّبِي صلى الله عليه وسلم قَالَ "إِدْبَارُ النُّجُومِ الرَّكْعَتَانِ قَبْلَ الْفَجْرِ وَإِدْبَارُ السُّجُودِ الرَّكْعَتَانِ بَعْدَ الْمَغْرِبِ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيث مُحَمَّد بْنِ فُضَيْلٍ عَنْ رِشْدِينَ بْنِ كُرَيْب لَيْ وَلَيْ الله عَلى وَسَأَلْتُ مُحَمَّد بْنَ إِسْمَاعِيلَ عَنْ مُحَمَّد وَرِشْدِينَ ابْنَىْ كُرَيْب أَيُّهُمَا أَوْثَقُ قَالَ مَا عِيسَى وَسَأَلْتُ مُحَمَّد عِنْدِي أَرْجَحُ . قَالَ وَسَأَلْتُ عَبْدَ اللّهِ بْنَ عَبْدِ الرَّحْمَنِ عَنْ هَذَا فَقَالَ مَا أَقْرَبَهُمَا عِنْدِي وَرِشْدِينُ أَرْجَحُ مِنْ مُحَمَّد وَأَقْدَمُ وَقَدْ أَدْرَكَ رِشْدِينُ ابْنَ عَبْد الرَّحْمَنِ عَنْ هَذَا فَقَالَ مَا مُحَمَّد وَرِشْدِينُ أَرْجَحُ مِنْ مُحَمَّد وَأَقْدَمُ وَقَدْ أَدْرَكَ رِشْدِينُ ابْنَ عَبَّاسٍ وَرَآهُ .

বাংলা

৩২৭৫. আবৃ হিশাম রিফাঈ (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ

إِدْبَارُ النُّجُومِ الرَّكْعَتَانِ قَبْلَ الْفَجْرِ وَإِدْبَارُ السُّجُودِ الرَّكْعَتَانِ بَعْدَ الْمَغْرِبِ

তার পবিত্রতা ঘোষণা কর রাত্রিকালে এবং তারকার অস্তগমনের পরও (সূরা তূর ৫২ঃ ৪৯) হল ফজরের পূর্বের দু'রাকআত সুন্নাত। আর সালাতের পরও (সূরা কাফ ৫০ঃ ৪০) হল বাদ মাগরিব দু'রাকআত সুন্নাত।

যঈফ, যঈফা ২১৭৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৭৫ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। মুহাম্মাদ ইবন ফুযায়ল-রিশদ্বীন ইবন কুরায়ব (রহঃ) সূত্র ছাড়া এটি মারফূ' বলে আমাদের জানা নেই। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে জিজ্ঞাসা করেছিলাম। কুরায়ব-এর দুই পুত্র মুহাম্মাদ এবং



রিশদীনের মাঝে অধিকতর আস্থাযোগ্য কোনজন?

তিনি বললেনঃ এরা কতই না পরস্পর সন্নিকট, তবে আমার মতে মুহাম্মাদ অধিক নির্ভরযোগ্য। এই বিষয়ে আবদুল্লাহ্ ইবন আবদুর রহমান দারিমী (রহঃ)-কেও আমি জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেনঃ এরা পরস্পর কতই না সন্নিকট। তবে আমার দৃষ্টিতে তাদের মাঝে রিশদ্বীন ইবন কুরায়ব (রহঃ) অধিকতর নির্ভরযোগ্য।

আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, আবৃ মুহাম্মাদ দারিমী যে মত ব্যক্ত করেছে সেটিই ঠিক। মুহাম্মাদ (রহঃ)-এর তুলনায় রিশদ্বীন (রহঃ) অধিকতর আস্থাযোগ্য। রিশদ্বীন (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু-কে পেয়েছেন এবং তাকে দেখেছেন।

English

Narrated Ibn 'Umar:

that the Prophet (ﷺ) said: "And at the setting of the stars (52:49) (about) the two Rak'ah before Fajr. And after the prostrations (50:40) 'The two Rak'at after Al-Maghrib.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন